

মিডিয়া রিলিজ (ঢাকা): ০৭ ফেব্রুয়ারি, ২০১৮

বেস্ট বাংলাদেশ ডিল পুরস্কার পেল সামিট



ফটো ক্যাপশন: সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান ফাইন্যান্সএশিয়া অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে বেস্ট বাংলাদেশ ডিল পুরস্কার গ্রহণ করেন।

সামিট, ফাইন্যান্স এশিয়া অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডস ২০১৭ অনুষ্ঠানে 'বেস্ট বাংলাদেশ ডিল পুরস্কার' পেয়েছে। মূলত ৭৯.৬৭ মিলিয়ন মার্কিন ডলার সম্মূল্যের সিডিকেটেড ঋণ চুক্তির জন্য এই পুরস্কার অর্জন করল প্রতিষ্ঠানটি। সামিটের দুটি প্রতিষ্ঠান সামিট বরিশাল পাওয়ার এবং সামিট নারায়নগঞ্জ পাওয়ার এর জন্য যথাক্রমে ১২ বছর মেয়াদী এবং সাড়ে ১০ বছর মেয়াদী এই ঋণ চুক্তি করা হয়। হংকংয়ে গত ৩১ জানুয়ারী, ২০১৮ সালে আয়োজিত অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়।

ফাইন্যান্স এশিয়া হলো যুক্তরাজ্য ভিত্তিক হেমাৰ্কেট ফাইন্যান্সিয়াল মিডিয়ার মাসিক প্রকাশন যা এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ইনভেস্টমেন্ট ব্যাংকিং, পুঁজিবাজার এবং কৌশলগত কর্পোরেট ফাইন্যান্স সংশ্লিষ্ট সংবাদসমূহ প্রচার করে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫।